

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৩৮

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি তার গবাদি পশুর যাকাত আদায় করে, মহান আল্লাহ কিয়ামতের দিন প্রভুত সাওয়াব দান করবেন ذِكْلُ اسْتِيفَاءِ الْمَرْءِ التَّوَابَ الْجَزِيلَ فِي الْعُقْبَى بِإِعْطَائِهِ صَدَقَةَ مَاشِيَتِهِ فِي الدُّنْيَا

## আরবী

3238 = أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنِ الزُّهْرِيِّ عَنْ عَطَاءِ بْنِ يَزِيدَ اللَّيْثِيِّ: عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ: الْوَلِيدُ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ عَنِ النَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْهِجْرَةِ فَقَالَ: وَلَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الْهِجْرَةِ فَقَالَ: (فَهَلْ تُوَدِّي صَدَقَتَهَا)؟ وَيُحْكَ إِنَّ شَأْنَ الْهِجْرَةِ شَدِيدٌ فَهَلْ لَكَ مِنْ إِبل)؟ قَالَ: نَعَمْ قَالَ: (فَهَلْ تُوَدِّي صَدَقَتَهَا)؟ قَالَ: نَعَمْ قَالَ: (فَهَلْ تُودِّي صَدَقَتَهَا)؟ قَالَ: نَعَمْ قَالَ: (فَاعْمَلْ مِنْ وَرَاءِ الْبِحَارِ فَإِنَّ اللَّهَ لَن يترك من عملك شيئاً) الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$238 ا خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) الصفحة أو الرقم: \$238 ا خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود))

## বাংলা

৩২৩৮. আবূ সাঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে হিজরত করা সম্পর্কে জিজ্ঞেস করলে, তিনি বলেন, "দুর্ভোগ তোমার জন্য! নিশ্চয়ই হিজরতের ব্যাপারটি খুবই কঠিন ব্যাপার। তোমার কি উট রয়েছে?" সে জবাবে বলেন, "জ্বী, হ্যাঁ।" তিনি আবার জিজ্ঞেস করেন, "তুমি কি সেগুলোর যাকাত আদায় করো?" সে জবাবে বলেন, "জ্বী, হ্যাঁ।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "তুমি সাগরসমূহের এপার থেকে ওপারে আমল করতে থাকো। নিশ্চয়ই আল্লাহ তোমার কোন আমল প্রতিদান না দিয়ে ছেড়ে দিবেন না।"[1]

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১৪৫২; সহীহ মুসলিম: ১৮৬৫; আবূ দাউদ: ২৪৭৭; নাসাঈ: ৭/১৪৩-১৪৪; মুসনাদ আহমাদ:



0/381

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবৃ দাউদ: ২১৩৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন